



তারিখঃ ১৯ শ্রাবণ, ১৪৩০ বঙ্গাব্দ  
০৩ আগস্ট, ২০২৩ খ্রিস্টাব্দ

## ১৫ আগস্ট 'জাতীয় শোক দিবস-২০২৩' উপলক্ষে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা

সরকারি ব্রজলাল কলেজ, খুলনার স্নাতক/স্নাতকোত্তর শ্রেণির শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, জাতীয় শোক দিবস-২০২৩ উপলক্ষে খুলনা বিভাগীয় সরকারি গ্রন্থাগারে রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। এ উপলক্ষে আগ্রহী শিক্ষার্থীদের 'বঙ্গবন্ধুর সংগ্রামী জীবনে বেগম ফজিলাতুন নেছা মুজিবের অবদান' বিষয়ক স্বহস্তে লিখিত রচনা (শব্দসীমা ১৫০০) আগামী ১৪.০৮.২০২৩ খ্রি. তারিখের মধ্যে বিভাগীয় সরকারি গ্রন্থাগার, খুলনায় জমা দিতে বলা হলো।

*S. Nazim*  
3/8/23

(প্রফেসর শরীফ আতিকুজ্জামান)

অধ্যক্ষ

সরকারি ব্রজলাল কলেজ, খুলনা

*H. Khan*

03.08.23

৭.৮.

মেসার্স

১৮/০৮/২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গণগ্রন্থাগার অধিদপ্তর  
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, খুলনা।  
www.publiclibrary.khulna.gov.bd

স্মারক নং: ৪৩.২৬.৪৭০০.০০২.২৩.১৪৮.১৮.৩৯.২৮০(২০০)

তারিখ: ৩০.০৭.২০২৩ খ্রিঃ

## ১৫ আগস্ট 'জাতীয় শোক দিবস ২০২৩' উপলক্ষে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা

'জাতীয় শোক দিবস ২০২৩' উপলক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন খুলনা বিভাগীয় সরকারি গণগ্রন্থাগারে নিম্নোক্ত বিষয়ে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। এ উপলক্ষে আহ্বানী সকলকে যোগ্যতা অনুযায়ী প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আহ্বান জানানো যাচ্ছে।

## ক) রচনা প্রতিযোগিতা :

ক্রমিক	গ্রুপ	শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা	রচনা জমা দেয়ার শেষ তারিখ
১	ক	পঞ্চম-অষ্টম	আমাদের জাতির পিতা	১০০০	১৪/০৮/২০২৩ খ্রি.
২	খ	নবম-দ্বাদশ	স্বাধীনতার স্বপ্নটি বঙ্গবন্ধু	১২০০	
৩	গ	স্নাতক/স্নাতকোত্তর/সর্বসাধারণ	বঙ্গবন্ধুর সংগ্রামী জীবনে বেগম ফজিলাতুন নেছা মুজিবের অবদান	১৫০০	

ক্রমিক	গ্রুপ	শ্রেণি	চিত্রাংকন প্রতিযোগিতার বিষয়	তারিখ ও সময়
১	ক	অনুর্ধ্ব- ৭ বছর	উন্মুক্ত	১৫/০৮/২০২৩ খ্রি. সকাল ১১.০০ টা
২	খ	৮ - ১২ বছর	শিশুদের সঙ্গে বঙ্গবন্ধু	
৩	গ		উন্মুক্ত	

রচনা প্রতিযোগিতা বিষয়ে জ্ঞাতব্যঃ রচনা প্রতিযোগিতায় খুলনা জেলার প্রতিযোগীকে স্বহস্তে লিখিত রচনা নির্ধারিত তারিখের মধ্যে বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, খুলনায় জমা দিতে হবে।

চিত্রাংকন প্রতিযোগিতা বিষয়ে জ্ঞাতব্যঃ চিত্রাংকন প্রতিযোগিতা আগামী ১৫/০৮/২০২৩ খ্রি. সকাল ১১.০০ টায় বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, বয়রা, খুলনায় অনুষ্ঠিত হবে। অংশগ্রহণকারীদের আর্ট পেপার ব্যতীত অন্যান্য অংকন সরঞ্জাম সাথে আনতে হবে। চিত্রাংকনে জলরঙ ব্যবহার করা যাবে না।

## শর্তাবলীঃ

- ১। রচনা A4 সাইজ সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার এক দিকে লিখতে হবে, উভয় পৃষ্ঠায় লেখা যাবে না।
- ২। রচনা ও চিত্রাংকনে অবশ্যই প্রতিযোগীর নাম, পিতা ও মাতার নাম, ঠিকানা, সচল মোবাইল নম্বর, স্টুডেন্ট আইডি কার্ড (অন্যান্য প্রতিযোগীর ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্রের ফটোকপি) এর পাশাপাশি চিত্রাংকনের ক্ষেত্রে জন্মসনদ এবং সচল মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
- ৩। চিত্রাংকন প্রতিযোগিতার প্রতিযোগীদের আগামী ১৪/৮/২০২৩ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে জন্মসনদের অনুলিপি সহ এ কার্যালয়ে নাম রেজিস্ট্রেশন করা যাবে।
- ৪। বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করা যেতে পারে মোবাইল নং ০১৭৬৭৯০৮১৭৪/০১৭১৮৮৭২০৯৫

৩০.০৭.২০২৩  
মোহাম্মদ হামিদুর রহমান  
উপপরিচালক

বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, খুলনা।

ফোনঃ ০২৪৭৭৭০২৫৫৪ মোবাইল: ০১৭৬৭১৫১৫৩৫

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, খুলনা।
- ২। অধ্যক্ষ, -----
- ৩। জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, খুলনা (শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ৪। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, খুলনা (শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ৫। উপজেলা শিক্ষা কর্মকর্তা, -----, খুলনা (শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ৬। উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, -----, খুলনা (শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ৭। জেলা কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমী, খুলনা।
- ৮। জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, বাংলাদেশ শিশু একাডেমী, খুলনা।
- ৯। তথ্য অফিসার, জেলা তথ্য অফিস, খুলনা। (বিজ্ঞপ্তি প্রচারের অনুরোধসহ)
- ১০। প্রধান শিক্ষক, -----
- ১১। অফিস কপি।